গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : **অক্টোবর ২০১৮ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক,
কুড়িগ্রাম।
সভার তারিখ : ১৮-১০ -২০১৮ খ্রিস্টাব্দ।
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
সভার সময় : দুপুর- ১২.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ।

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

আলোচ্যসূচি-১ : **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ।**

আলোচনা : সভায় উপস্থাপিত সেপ্টেম্বর ২০১৮ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার এনজিও প্রতিনিধিগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি-২ : **আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রোগ্রাম ম্যানেজার সভায় জানান, আরডিআরএস বাংলাদেশ এ জেলার সকল উপজেলার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নানামুখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি সেপ্টেম্বর/২০১৮ মাসে জেলার সকল উপজেলায় সামাজিক স্বাস্থ্য কর্মসূচি (যক্ষা ও কুষ্ঠ) এর আওতায় ৪৩৭ সম্ভাব্য যক্ষারোগী পাওয়া গেছে। এ ছাড়া ৪ জন কুষ্ঠ রোগী ও ১০ ফাইলেরিয়ায় আক্রান্ত রোগী পাওয়া গিয়েছে।

এলএলটি-জাপান এর অর্থায়নে কুড়িগ্রাম জেলায় ১১টি প্রাথমিক বিদ্যালয়ের ১১ জন শিক্ষককে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম, কুড়িগ্রাম সদর উপজেলা ও উলিপুর উপজেলার ৬টি ইউনিয়নে Empowering Women and Youth Through Graduation and Financial Inclusion প্রকল্প, স্কুল ফিডিং কর্মসূচির মাধ্যমে সকল উপজেলায় ১,২৯৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র ১,৩১,৫০২ জন, ছাত্রী ১,৩৬,৮২৭ জন সর্বমোট ২,৬৮,৩২৯ জন ছাত্রছাত্রীদের মাঝে ৩৮৪ মেঃটন বিস্কুট বিতরণ করা হয়। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনামাফিক অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-৩ : **জীবিকা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জীবিকা, কুড়িগ্রামের কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৪ : **ইএসডিও, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ইএসডিও কর্তৃক কুড়িগ্রাম জেলায় বাস্তবায়িত কর্মসূচি ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প, ২. স্বপ্ন ৩. ডব্লিউটিআরএফ, ৪. রক্ষ, ৫. মাইক্রোফিন্যান্স ৬. এমভিডব্লিউইউএস প্রকল্প মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে আসছে।

আলোচ্যসূচি-৫ : **মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৪টি প্রকল্প (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রম, (২) স্যানিটেশন কার্যক্রম (৩) দারিদ্র বিমোচন কার্যক্রম ও (৪) শিক্ষা কার্যক্রম নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৩৪ জন সদস্যকে ১১,২২,০০০/- ঋণ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে উপকারভোগীগণের জীবন-মান উন্নত হচ্ছে।

আলোচ্যসূচি-৬ : **টিএমএসএস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, টিএমএসএস কুড়িগ্রাম জোন কর্তৃক পরিচালিত ২০টি শাখায় মোট ০৮ ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে। সেপ্টেম্বর ২০১৮ মাসে ১১,০৩,৮০,০০০/- (এগার কোটি তিন লক্ষ আশি হাজার) টাকা ঋণ বিতরণ করে ১০,৪৭,৫২,৩৪৪/- (দশ কোটি সাতচল্লিশ লক্ষ বায়ান্ন হাজার তিনশত চৌত্রিশ) টাকা আদায় করা হয়েছে। ঋণ গ্রহণকারীর সংখ্যা ৩,১৯০ (তিন হাজার একশত নব্বই) জন। সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির অংশ হিসেবে সংস্থা কর্তৃক পরিচালিত প্রতিটি গ্রুপের সাপ্তাহিক সভায় এজেন্ডা ভিত্তিতে বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক বিষয় নিয়ে সদস্যদের মাঝে আলোচনা হয় এবং ইহা সারা মাসব্যাপী চলে। এ ছাড়াও সংস্থা প্রদত্ত উৎপাদন ও উন্নয়ন নামক একটি বহির বিভিন্ন বিষয়ে প্রতি সপ্তাহে সদস্যদের মাঝে আলোচনা হয়। চলতি মাসের আলোচিত এজেন্ডা ছিল ' বাল্যবিবাহ প্রতিরোধ'।

আলোচ্যসূচি-৭ : **কিরারা নো কাই , কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় ২০১৭-২০১৮ চক্রে রামখানা, রায়গঞ্জ, সন্তোষপুর, নেওয়াশী, বামনডাঙ্গা, হাসনাবাদ, ভিতরবন্দ, কেদার, কচাকাটা, বল্লভেরখাসসহ মোট ১০ টি ইউনিয়নে ২,৪০০ জন ভিজিডি উপকারভোগী সদস্যদের নিয়ে কাজ করছে। ভিজিডি সদস্যদের নিয়ে 'ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার' উপর নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৮ | : | **সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সেপ্টেম্বর ২০১৮ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাব এর সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |
| আলোচ্যসূচি-৯ | : | **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-১০ | : | **গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের ২০১৭-১৮ চক্রের জন্য রাজারহাট উপজেলার ০৭টি ইউনিয়নে কাজ করছে। উক্ত চক্রের জন্য নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরী, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্প শুরু থেকে ২,৮৯৮ জন সঞ্চয়কারীর নিকট হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৯৪,১৬,২৪৫/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় হিসাব নং ১০৯৬৯-তে জমা রয়েছে। উক্ত টাকা ২০১৯ সালের জানুয়ারী মাসে ১৫ তারিখের মধ্যে সঞ্চয়কারীর অনুকূলে ফেরৎ প্রদান করা হবে। |
| আলোচ্যসূচি-১১ | : | **উদ্দীপন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, অত্র উদ্দীপন বর্তমানে কুড়িগ্রামে ০১টি জেলা অফিস ও ১১টি শাখা অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে। ০১ জন পল্লী প্যারামেডিক ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর স্বাস্থ্য সেবার কাজ করছে। এমবিবিএস ডাক্তারদের তত্ত্বাবধানে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১০ টাকা সেবামূল্য নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্রাইম কর্মসূচির আওতায় সদস্যদের হাঁস-মুরগী পালন, গরু মোটা তাজকরণ, সবজী চাষ, বাঁশ ও বেত, কেঁচো সার তৈরী, ম্যাট তৈরীসহ প্রভৃতি বিষয়ের উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ১০০টি উপকারভোগী পরিবারকে টিউওয়েলের গোড়া পাকাকরণ এবং জলাবদ্ধ পায়খানা তৈরেতে সহায়তা প্রদান করা হয়েছে। |
| আলোচ্যসূচি-১২ | : | **সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, টিআইবি'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি, কুড়িগ্রাম স্থানীয় পর্যায়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে। এ লক্ষ্যকে সামনে রেখে সচেতন নাগরিক কমিটি সেপ্টেম্বর/ ২০১৮ মাসের নিয়মিত সনাক, সুজন ও ইয়েস সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১২ ও ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ কুড়িগ্রাম শিশু নিকেতন স্কুল মাঠে জেলা প্রশাসন, কুড়িগ্রামের সার্বিক সহযোগিতায় এবং টিআইবি'র পৃষ্ঠপোষকতায় সনাক, কুড়িগ্রাম ''আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৮'' উদযাপন উপলক্ষে তথ্যমেলার আয়োজন করা হয়। উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠান তাঁদের কার্যক্রম বা জনসেবা সংশ্লিষ্ট তথ্য প্রদর্শন করে। প্রদর্শিত তথ্যের লিফলেট/প্রচারপত্র/তথ্যপত্র/ভাঁজপত্র মেলার দর্শনার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। মেলায় তথ্য প্রযুক্তির ব্যবহার ও মাল্টিমিডিয়ার মাধ্যমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের তথ্য প্রদর্শন তথ্য মেলাকে সমৃদ্ধ করেছে। |
| আলোচ্যসূচি-১৩ | : | **ফ্রেন্ডশীপ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। অত্র সংস্থার মাধ্যমে চরাঞ্চলের ০১দিন থেকে ১৮ মাস বয়সী সকল শিশুদের ইপিআই কার্যক্রমের আওতায় আনা হয়েছে। ১২০টি ইপিআই সেশনে শিশু ও নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। বর্তমানে হাসপাতালটি উলিপুর উপজেলার চর মিয়াজিপাড়া, বেগমগঞ্জে অবস্থান করছে। সংস্থার সকল বাস্তবায়নাধীন প্রকল্পগুলোতে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় গণ্যমান্য, সুশীল সমাজ ও ইউনিয়ন পরিষদ নের্তৃবৃন্দের অংশগ্রহণ ও সহযোগিতায় কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। |
| আলোচ্যসূচি-১৪ | : | **এএফএডি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-১৫ | : | **ব্র্যাক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ব্র্যাক, কুড়িগ্রামের কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-১৬ | : | **ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়াল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ৬ টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্য কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ ২০১৭ সালের ফেব্রুয়ারি মাস হতে সম্পাদন করে আসছে। বিভিন্ন দুর্যোগকালীন বিপন্ন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভবতী মা ও শিশু, বৃদ্ধ-বৃদ্ধা, প্রতিবন্ধী, মহিলা ও মেয়েদের বিভিন্ন রোগ ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণের জন্য কাজ করে থাকে। |

আলোচ্যসূচি-১৭ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাঁর সংস্থা কর্তৃক ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়। কমিউনিটি পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য বস্তা পদ্ধতিতে সবজি চাষ বিষয়ক ২৮টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৮ : **মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে সেপ্টেম্বর ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৯ : **ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২০ : **কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২১ : **উদয়, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সিনিয়র শাখা ব্যবস্থাপক, উদয়, উলিপুর , কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাঁর সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় বিদ্যমান। বর্তমানে সরকারি কোন প্রজেক্ট না থাকায় মাইক্রোক্রেডিট রেগুলারেটি অথরিটির অনুমোদনে উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় ০৩(তিন) টি শাখার মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে।

আলোচ্যসূচি-২২ : **কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে সেপ্টেম্বর ২০১৮ মাসে ৪,৮০২ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৪৪০ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/ দরিদ্র/ নিম্নমধ্যবিত্ত ৩৬৯জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার সেপ্টেম্বর ২০১৮ মাসে কুড়িগ্রাম জেলায় ৪৬ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১৩৫ জন গর্ভবতী মায়ের চেক আপ, মোট প্রসব ১৩০ এবং ১২৯ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৩ : **ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঠিকানা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ২৪ : **প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রশিকা, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৫ : **সলিডারিটি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি সেপ্টেম্বর ২০১৮ মাসে চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ এস.এফ. এফ. সি. পি প্রকল্পের আওতায় ব্রেড ফর দা ওয়ার্ল্ডের সহায়তায় ৪র্থ ফেজের কাজ শুরু করেছে। উক্ত প্রকল্পের এফডি-৬ ও এনজিও ব্যুরোর অনুমোদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের বেইজলাইন সার্ভের কাজ চলমান রয়েছে। চিলমারী উপজেলার মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় ৩০০টি শিক্ষা কেন্দ্র স্থাপনের কাজ চলছে। কেয়ার বাংলাদেশের আর্থিক সহায়তায় সলিডারিটি কর্তৃক রাজারহাট ও ফুলবাড়ী উপজেলার ১০টি ইউনিয়নে উপকারভোগীর উৎপাদন বৃদ্ধি, বাজারের চাহিদা অনুযায়ী বাজারজাতকরণ এবং সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে এলপিএস, এসসিএ এবং প্রোডাকশন গ্রুপের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি- ২৬ : **প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এ জেলায় তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৭ : **টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় ১টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১টিসহ মোট ২টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৬ জন ছেলে এবং ৩৭১ জন মেয়েসহ মোট ৬৯৭ জনকে শিক্ষা সহায়তা, যেমন-বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরণের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে ।

আলোচ্যসূচি-২৮ : **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সেপ্টেম্বর ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমসহ বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৯ : **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-১৮ চক্রে চুক্তিবদ্ধ সংস্থা হিসেবে ''সন্ধান'' কর্তৃক উলিপুর উপজেলার ০৯ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩০ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৭৫,১৯,০০৬/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, উলিপুর শাখায় হিসাব নং ১৪৭৯০-তে জমা রয়েছে।

আলোচ্যসূচি-৩০ : **এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রোগ্রাম অফিসার, এসিডি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভায় ''সাপোর্ট ফর ইন্সটিটিউশনালাইজেশন অব ইনফোর্সমেন্ট অব টোবাকো কন্ট্রোল ল ইন রাজশাহী'' প্রকল্পের আওতায় কার্যক্রম পরিচালনা করছে। জেলায় পরোক্ষ ধূমপানের হাত থেকে অধূমপায়ীদের রক্ষা এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের জন্য সরকারের টাস্কফোর্স কমিটি, সরকার ও পাবলিক প্লেস ও পাবলিক পরিবহন কর্তৃপক্ষের সাথে এডভোকেসি সভা আয়োজন অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-৩১ : **তৃণমূল নারী ফাউন্ডেশন কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এ জেলায় তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩২ : **দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। সেপ্টেম্বর/২০১৮ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ৫ জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৪৫ জন এবং গত মাসে ১টি প্রচারণা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৩ : **গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের** কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-৩৪ : **বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এ জেলায় তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৫ : **গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণ উন্নয়ন কেন্দ্র একটি বেসরকারি উন্নয়ন সংস্থা যা অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া, জয়পুরহাট জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দুর্যোগপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে সংস্থা বিভিন্ন কর্মসূচি যেমন-তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ব বিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দুর্যোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধিদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জনসচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বর্তমানে এ জেলার কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলায় ঋণ বিতরণ কর্মসূচি পরিচালনা করছে।

আলোচ্যসূচি-৩৬ : **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।**

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সংস্থার বিস্তারিত কার্যক্রম সম্পর্কে অবহিত করে বলেন, SHOUHARDO-3, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, ELNHA, CGBV, HUNGER প্রকল্পসমূহ বাস্তবায়িত করে আসছে। SHOUHARDO-3 প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন দুর্যোগ ভলান্টিয়ারদের রিফ্রেসার্স ট্রেইনিং ০৩টি, ইউডিভিদের ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ৪৪টি এবং সিইভি ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ১২টি সম্পাদন করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৭ : **ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, Alternative Orphan Family Sponsorships Programme Through Sustainable Livelihoods (ALO-IRUK) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দূর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৯০টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। ৭৯০টি হতদরিদ্র অসহায় পরিবার নিজেদের ব্যবস্থাপনায় এ পর্যন্ত প্রায় ১৯,৫০,১০০/- টাকা সঞ্চয় জমা করেছে। ৫৪টি স্বাবলম্বন দলের সাপ্তাহিক সভায় বাল্যবিবাহ প্রতিরোধ, শিশু শ্রম রোধ, যৌতুক প্রতিরোধ ইত্যাদি বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৮ : **সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট ও ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট ও ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধিগণ সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৯ : বিবিধঃ

(১) সভাপতি মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, উলিপুর, কুড়িগ্রাম সভায় প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য ধন্যবাদ জানান। তাদের কার্যক্রমের উপর উপস্থাপিত প্রেজেন্টেশন সকলের নিকট প্রশংসিত হয়।

(২) আগামী সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

(৩) সভাপতি বলেন, এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে Overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

(৪) সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করা এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কাযর্ক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও সভার কার্যবিবরণী সংগ্রহ এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালে (www.kurigramngos.org.bd) নিজ ওয়েব পেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করার জন্য অনুরোধ জানান।

(৫) সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার উপর গুরুত্বারোপ করা হয়। এ জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে ভিক্ষুকমুক্ত জেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে কাজ করার জন্য আহবান জানানো হয়। এক্ষেত্রে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীকে ০১ দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ আগামী সভার পূর্বেই 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমা করার জন্য অনুরোধ জানান।

(৬) সভাপতি বলেন, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় ও দুর্যোগ পরবর্তী সময়ে সরকারি বিভাগের পাশাপাশি বে-সরকারি সংস্থা (এনজিও)সমূহ পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে থাকেন। তাই দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান ।

(৭) সভাপতি কুড়িগ্রাম এনজিও ব্যয় নির্বাহের নিমিত্ত পোর্টালের জন্য যে সকল সংস্থা এখনও টাকা জমা করেননি, সে সকল সংস্থাকে ০১(এক) মাসের মধ্যে টাকা প্রদানের সময়সীমা দিয়ে পত্র দেয়ার জন্য বলেন। এরপরও কোন সংস্থা টাকা দিতে ব্যর্থ হলে তাদের নাম এনজিও পোর্টাল হতে নাম প্রত্যাহার করে আবেদনের প্রেক্ষিতে নতুন সংস্থাকে পোর্টালে অন্তর্ভুক্ত করার জন্য পরামর্শ প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৪ | এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে বিনাব্যর্থতায় মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। অনুপস্থিত এনজিও সমূহের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম |
| ৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি ৮০০/- টাকা সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষকে বিনাব্যর্থতায় পরবর্তী সভার পূর্বেই সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪-এ জমাপূর্বক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৬ | কুড়িগ্রাম এনজিও ব্যয় নির্বাহের নিমিত্ত পোর্টালের জন্য যে সকল সংস্থা এখনও টাকা জমা করেননি, সে সকল সংস্থাকে ০১(এক) মাসের মধ্যে টাকা প্রদানের সময়সীমা দিয়ে পত্র দিতে হবে। এ ক্ষেত্রে কোন সংস্থা টাকা দিতে ব্যর্থ হলে তাদের নাম এনজিও পোর্টাল হতে নাম প্রত্যাহার করে আবেদনের প্রেক্ষিতে নতুন সংস্থাকে পোর্টালে অন্তর্ভুক্ত করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম |

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে OVERELAPPING না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১২ | জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে ভিক্ষুকমুক্ত জেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীকে ০১ দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ আগামী সভার পূর্বেই 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমাপূর্বক জমাকৃত টাকার তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১৩ | সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ছাড়া কৃষি বান্ধব কর্মসূচি, মৎস্য ও পশু পালন, ফুলচাষ, খাঁচায় মাছ চাষ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১৪ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবাসমূহ দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১১/১৮

(মোছাঃ সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৮.১৮-৯৯০ (১০০)

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৫
০৮ নভেম্বর ২০১৮

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার..................... (সকল), কুড়িগ্রাম।
০৪। ............................................................
............................................................

০৮/১১/১৮

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভার উপস্থিতি

তারিখঃ ১৮/১০/২০১৮ খ্রিস্টাব্দ সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | এনজিও/সংস্থার নাম ওবিস্তারিত ঠিকানা | এনজিও/সংস্থার প্রধানের | | উপস্থিত এনজিও প্রধান/ পোর্টালে ফোকাল পার্সন/প্রতিনিধির | | | স্বাক্ষর | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম ও পদবী | মোবাইল | নাম ও পদবী | মোবাইল | সংস্থার ই-মেইল | এনজিও প্রধান | প্রতিনিধি |
| ১ | আরডিআরএস | মোহাম্মদ এনামুল কবীর নির্বাহী পরিচালক | - | মোঃ আঃ গনি প্রোগ্রাম ম্যানেজার | ০১৭১৪৬৯৩৫৩৩ | pckg.rdrs@gmail.com | - | স্বা/- |
| ২ | জীবিকা | মানিক চৌধুরী, পরিচালক | ০১৭২১২১৫৩২১ | - | - | manik.zibika@yahoo.com | - | অনুঃ |
| ৩ | ইএসডিও | ড. মুহাম্মদ শহীদুজ্জামান | - | মোঃ সোহেল রানা প্রজেক্ট ম্যানেজার | ০১৭১৭৮৬৬৯৫০ | zaman1976esdo@gmail.com | - | স্বা/- |
| ৪ | কেয়ার | - | - | - | - | - | - | অনুঃ |
| ৫ | মুসলিম এইড | - | - | মোঃ মমিনুল ইসলাম শাখা ব্যবস্থাপক | ০১৯৮৫৭০৩২৬৪ | nageswari@muslimaid.ogr.bd | - | স্বা/- |
| ৬ | হেল্ভটাস | - | - | - | - | - | - | অনুঃ |
| ৭ | টিএমএসএস | - | - | মোঃ আতিকুর রহমান প্রকল্প প্রধান | ০১৭১৩৩৭৭২৮৫ | - | - | স্বা/- |
| ৮ | বুরো বাংলাদেশ | - | - | - | - | - | - | অনুঃ |
| ৯ | কেডিএবি | সু-নু-চাং | - | - | | adriflifeo@gmail.com | | অনুঃ |
| ১০ | ওভা | - | - | - | - | - | - | অনুঃ |
| ১১ | বকুলতলী মহিলা সংসদ | - | - | - | - | - | - | অনুঃ |
| ১২ | কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন | - | - | - | - | - | - | অনুঃ |
| ১৩ | কিরারোনোকাই | - | - | মোঃ রুহুল আমিন, ম্যানেজার | ০১৭৫৫২৩০৮৬০ | - | - | স্বা/- |
| ১৪ | এসো দেশ গড়ি | - | - | - | - | - | - | অনুঃ |
| ১৫ | সিডিডিএফ | মোঃ লুৎফর রহমান নির্বাহী পরিচালক | ০১৭১৮১৩১৪৯৯ | মোঃ লুৎফর রহমান নির্বাহী পরিচালক | ০১৯৩৬০৮৮১৭০ | chilmaricddf@gmail.com | - | স্বা/- |
| ১৬ | টেরেডেস হোম ফাউন্ডেশন | Cris Marris | - | প্রনব কুমার রায় | ০১৮৪৩৮৩০৫৬২ | - | | স্বা/- |
| ১৭ | গ্রাম উন্নয়ন কেন্দ্র | মোঃ আঃ রহমান প্রোগ্রাম ম্যানেরজার | - | মোঃ আঃ রহমান প্রোগ্রাম ম্যানেরজার | ০১৭১৫৪২৮৮২২ | - | - | স্বা/- |
| ১৮ | শিশু পল্লী প্লাস | - | - | - | - | - | - | অনুঃ |
| ১৯ | উদ্দীপন | ডঃ খাজা শামসুল হুদা নির্বাহী প্রধান | - | মোঃ এরশাদুল হক, শাখা ব্যবস্থাপক | ০১৭৩৮৩৬৬১৯৭ | | - | স্বা/- |
| ২০ | সচেতন নাগরিক কমিটি | সৌমেন দাস এরিয়া ম্যানেজার | ০১৭১৪০৯২৮৩৮ | মোঃ শাহীন শাহী সহঃ ম্যানেজার | ০১৭৩০০৯৫৯৩২ | ccc.kurigram@tib | - | স্বা/-- |
| ২১ | ফ্রেন্ডশিপ | এ কে এম সাখাওয়াত হোসেন, আঞ্চলিক সমন্বয়কারী | ০১৭২৭০১১২০৮ | এ কে এম সাখাওয়াত হোসেন, আঞ্চলিক সমন্বয়কারী | ০১৭২৭০১১২০৮ | mis kurigram@frendship.ngo | - | স্বা/- |
| ২২ | আফাদ | - | - | - | - | - | - | অনুঃ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | ব্রাক | - | | - | | | | অনুঃ |
| ২৪ | ল্যাম্ব হাসপাতাল | মাহতাব উদ্দিন লিটন | ০১৭১৪৫৯২৯৩৯ | কিলাস | ০১৭১৭৬৩৬৭০৪ | mahatab@ lambproject.ogg | - | স্বা/- |
| ২৫ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ | শেখ মোঃ আবু বকর | ০১৭১৮৬৬৩২৩৫ | পঙ্কজ পাল | ০১৭২৮১২১৪৭৯ | | | স্বা/ |
| ২৬ | আশা | - | - | - | - | - | - | অনুঃ |
| ২৭ | অগ্রযাত্রা | - | - | - | - | - | - | অনুঃ |
| ২৮ | মেরি স্টোপস | - | - | মোঃ জাহেদুল ইসলাম, ম্যানেজার | ০১৭৩৩৯৫৫০২১ | mariestopskuri@gmail.com | - | স্বা/- |
| ২৯ | ছিন্নমুকুল বাংলাদেশ | - | - | মোঃ আহসানুল কবির নির্বাহী প্রধান (ভারপ্রাপ্ত) | ০১৭১৯৭১০২১১ | - | - | স্বা/- |
| ৩০ | কাশেম বাজার স্বাস্থ্য সেবা কেন্দ্র | তোফাজ্জল হোসেন | ০১৭১৮৬৫০৮৯০ | - | - | - | - | স্বা/- |
| ৩১ | এইড কুমিল্লা | - | - | - | - | - | - | অনুঃ |
| ৩২ | উদয় | - | - | মোঃ আঃ রউফ, শাখা ব্যবস্থাপক | ০১৭২৪৭৮০৫৪৮ | - | - | স্বা/- |
| ৩৩ | কাশেম ফাউন্ডেশন | তাসভিরুল ইসলাম | - | খন্দঃ মোস্তাকিম আলম | ০১৭১৬২৯১৭৩ | mariumeye@gmail.com | - | স্বা/- |
| ৩৪ | ঠিকানা সংস্থা | - | - | - | - | - | - | অনুঃ |
| ৩৫ | প্রুফস-আইডিই-বাংলাদেশ | - | - | - | - | - | - | অনুঃ |
| ৩৬ | প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র | ড. কাজী ফারুক আহম্মেদ, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান | - | মোঃ মাজহারুল ইসলাম এলাকা সমন্বয়কারী | ০১৯২৫৩৯৮৬৩৪ | | | স্বা/- |
| ৩৭ | সানু মেমোরিয়াল সোসাইটি | - | - | - | - | - | - | অনুঃ |
| ৩৮ | সলিডারিটি | হারুন অর রশীদ লাল | - | বদরুন নেছা-বীথি | ০১৭১২৫৩৬১০৪ | solidarily.bd@yahoo.com | | স্বা/- |
| ৩৯ | প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ | আলী হোসেইন | ০১৭১২৫১৫৬১৪ | আলী হোসেইন | ০১৭১২৫১৫৬১৪ | ali.hossain@planinternational.org | - | স্বা/- |
| ৪০ | টিডিএইচ (ইতালী) | হাসিবুল হাসান প্রকল্প সমন্বয়কারী | ০১৭৬৪১৮৫৫৫৭ | হিরন্ময় সরখেল শিক্ষা অফিসার | ০১৭১২১৪৬২৭২ | | | স্বা/- |
| ৪১ | সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | মোঃ আলমগীর সরকার | ০১৭২৩৭৩৯৮৭৯ | মোঃ মাহাবুর রশিদ | ০১৭২৩৭৩৯৮৭৯ | | | স্বা/- |
| ৪২ | সিএমইএস | - | - | - | - | - | - | অনুঃ |
| ৪৩ | সন্ধান | তাহমিনা আক্তার নির্বাহী পরিচালক | - | সোহেল আরমান ম্যানেজার | ০১৭৩৯৮৩৫৪৬২ | - | - | স্বা/- |
| ৪৪ | এসিডি | সানিমা সারোয়ার প্রজেক্ট প্রধান | | মোঃ মোজাহেদুল ইসলাম | ০১৭৭৪৩৬১৬৬৮ | - | - | স্বা/- |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৫ | প্রাকটিক্যাল এ্যাকশন | - | - | - | - | - | - | অনুঃ |
| ৪৬ | তৃনমূল নারী ফাউন্ডেশন | তাহমিনা আকতার | | রানা মিয়া | - | - | - | স্বা/- |
| ৪৭ | দি গ্লেনকো ফাউন্ডেশন | মাহমুদা শারমিন<br>ক্লিনিক ম্যানেজার | | মাহমুদা শারমিন<br>ক্লিনিক ম্যানেজার | | - | - | স্বা/- |
| ৪৮ | গণ স্বাস্থ্য কেন্দ্র | ডাঃ জাফর উল্যাহ | - | মোঃ দুলাল | ০১৭৪৫৪০৭০২১ | - | - | স্বা/- |
| ৪৯ | বাংলাদেশ মহিলা পরিষদ | নন্দিতা চক্রবর্তী | | জুলিয়া জুলকারনাইন | ০১৭২০৬৬৫৭৩২ | - | - | স্বা/- |
| ৫০ | সিসিডিবি | - | - | - | - | - | - | অনুঃ |
| ৫১ | গণ উন্নয়ন কেন্দ্র | মোঃ আব্দুস সালাম<br>নির্বাহী প্রধান | | মোঃ আব্দুল মাহমুদ | ০১৭৩০৭২৯২৪২ | ranju.guk@gmail.com | | স্বা/- |
| ৫২ | এসকেএস ফাউন্ডেশন | রাসেল আহমেদ,<br>নির্বাহী প্রধান | - | ফারজানা সুলতানা | ০১৭১৬৭৫০২৭৪ | - | - | স্বা/- |
| ৫৩ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি | শ্যামল চন্দ্র সরকার<br>পরিচালক | ০১৭১৩০৮২১৫১ | মোঃ ছাবেদ আলী | ০১৭১৮৬১৫৬৮৭ | edmusks.kurigram@gmail.com | | স্বা/- |
| ৫৪ | ঐকুমেনী ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (ওডিএফ) | - | - | - | - | - | - | অনুঃ |
| ৫৫ | স্কীলফুল-সুইস্কন্টাক্ট | - | - | - | - | - | - | অনুঃ |
| ৫৬ | সুশীলন | - | - | - | - | - | - | অনুঃ |
| ৫৭ | মানবকল্যান সংস্থা | মোঃ আজাহার আলী সরকার | | মোঃ আঃ হামিদ | ০১৭৩৭৬৩৩৩৪৬ | - | - | স্বা/- |
| ৫৮ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | শরীফ আকমল | - | উদায়ন দেওয়ান | ০১৫৩৬১৫৮৮৬৯ | - | - | স্বা/- |
| ৫৯ | চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা | - | - | - | - | - | - | অনুঃ |
| ৬০ | উদ্যম সংস্থা | - | - | - | - | - | - | অনুঃ |
| ৬১ | সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এস এস এস) | আঃ হামিদ ভূঁইয়া | ০১৭১১৫৪৫০৩৪ | - | - | ssstgl@btcl.net.bd | | অনুঃ |
| ৬২ | সূর্যের হাসি ক্লিনিক, ভূরুঙ্গামারী | - | - | মোঃ নুরুল ইসলাম, ক্লিনিক ম্যানেজার | - | - | - | স্বা/- |
| ৬৩ | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট | - | - | মোঃ মনিরুজ্জামান | - | - | - | স্বা/- |